MINISTRY OF MANPOWER

# সঠিক বুঝুন, সঠিক করুন!

একজন বিদেশী কর্মীর জন্য সিঙ্গাপুরে বাস করার ও কাজ করার নির্দেশিকা



# চরিত্রগুলি সম্পর্কে



মনি, স্যাম ও লি বিদেশী কর্মী ও ভালো বন্ধু, একই নির্মাণ (কনস্ট্রাকশন) সাইটে কাজ করে। তারা কাজের অবসরে গল্পগুজব ও তাদের ছুটির দিনগুলিতে বাইরে ঘুরে ফিরে আনন্দ উপভোগ করে।

মনি ভারতের এবং সিঙ্গাপুরে এক বছর কাজ করছে, যদিও তার ভালো বন্ধু লি চিনের এবং সিঙ্গাপুরে তিন বছর কাজ করছে। তারা সিঙ্গাপুরে ভালোভাবে কাজ ও বসবাস করছে এবং তারা নিজেদের কর্মসংস্থানের অধিকার ও দায়িত্ব সম্পর্কে অবগত। এটি তাদের কাজের অভিজ্ঞতাকে সহজ করে তোলে কেননা তারা জানে তাদের অধিকার লঙ্ঘন হলে কখন তাদের MOM ও তাদের নিয়োগকারীর কাছে যেতে হবে।

স্যাম বাংলাদেশের এবং তাদের নির্মাণ দলে সম্প্রতি যোগ দিয়েছে। যেহেতু স্যাম সিঙ্গাপুরে মাত্র কয়েক মাস এসেছে তাই সিঙ্গাপুরে কীভাবে ভালোভাবে কাজ করা যায় সে বিষয়ে উপযোগী টিপস ও উপদেশ পেতে স্যাম মনি ও লি-র উপর নির্ভর করে।

মিঃ চু এই বৈচিত্র্যময় ও আকর্ষণীয় কর্মীদলের সিঙ্গাপুরের সুপারভাইজর - যিনি সর্বদা শোনার জন্য ও তাঁর কর্মীদের জন্য বিভিন্ন বিষয় সঠিক করে দিতে প্রস্তুত থাকেন যখন তারা তাঁর কাছে সাহায্যের জন্য আসেন।

এই 3 বন্ধু একসাথে, কর্মী হিসাবে তাদের অধিকার সম্পর্কে আরও জেনে, সিঙ্গাপুরে তাদের কাজের সফরকে চালনা করবে - এবং এই নিরাপদ ও পরিচ্ছন্ন দেশে একটি স্মরণীয় কাজের সময়ের অভিজ্ঞতা অর্জন করবে!



# বেআইনি নিয়োগ


আমি আরও বেশি অর্থ উপার্জন করতে চাই...
CAR WASHING SERVICES
WE ARE HIRING!
হ্যালো বস! আপনারা কি নিয়োগ করছেন?
এটি আমার ওয়ার্ক পাস...
আমি ক্লিনার বা কার ওয়াশার...আপনার যেমন প্রয়োজন তেমন কাজ করতে পারি!
আইন অনুসারে আপনি কেবল আপনার ওয়ার্ক পাসে উল্লেখিত কোম্পানিতে কাজ করতে পারবেন।
WORK PERMIT
ABC
CONSTRUCTION PTE LTD
দেখে মনে হচ্ছে আমি কেবল আমার বর্তমান বসের হয়েই কঠোর পরিশ্রম করতে পারি - আশা করি আমার পদোন্নতি হবে!

# আপনার চাকুরীতে কাজ করতে আপনার অবশ্যই একটি বৈধ ওয়ার্ক পাস (WP) থাকতে হবে।




যদি আপনি বৈধ WP ছাড়া কাজ করেন তবে আপনার $20,000 অবধি জরিমানা এবং/অথবা 2 বছর অবধি কারাবাস হতে পারে।

# মুনলাইটিং এবং স্ব-নিযুক্তি



## আপনি কোনওমতেই স্ব-নিযুক্ত হতে পারবেন না বা অতিরিক্ত অর্থ উপার্জনের জন্য কোনও ব্যবসা করতে বা দ্বিতীয় কোনও কাজ করতে পারবেন না।




আপনি মুনলাইটিং বা স্ব-নিযুক্তআছেন এটা প্রমাণ হলে আপনার $20,000 অবধি জরিমানা এবং 2 বছর অবধি কারাদণ্ড হতে পারে।

# MOM এর কাছ থেকে কোনও লাইসেন্স ছাড়াই কর্মনিয়োগ এজেন্সির ক্রিয়াকলাপের আয়োজন



# MOM-এর কাছ থেকে লাইসেন্স ছাড়া যে কোনও ধরণের কর্মনিয়োগ এজেন্সির ক্রিয়াকলাপ আয়োজন করা বেআইনি।

আপনার করা উচিত নয়:

- কাউকে চাকুরী খুঁজে দিতে সহায়তা করতে তার কাছ থেকে ব্যক্তিগত নথিপত্র অথবা কাজের আবেদনের ফর্ম সংগ্রহ করা।
- কোনও নিয়োগকর্তা বা চাকুরীর আবেদকের হয়ে কাজের পাসের আবেদনগুলি জমা দেওয়া।
- কোনও নিয়োগ কর্তাকে চাকুরীর আবেদকদের সাথে মেলাতে সহায়তা করা



আপনার $৪০,০০০ অবধি জরিমানা হতে পারে এবং/অথবা 2 বছর অবধি জেল হতে পারে।

# কোনও লাইসেন্সবিহীন কর্মনিয়োগ এজেন্সিকে নিযুক্ত করা



# লাইসেন্সবিহীন কোনও কর্মনিয়োগ এজেন্সির পরিষেবা ব্যবহার করা বেআইনী। আপনার কর্মনিয়োগ এজেন্টটি MOM-এ নিবন্ধীকৃত কিনা তা পরীক্ষা করুন।

আপনার কর্মনিয়োগের এজেন্সিটি MOM-এ নিবন্ধীকৃত কিনা তা সবসময়ে যাচাই করে নিন - আপনার কর্মনিয়োগ এজেন্টের রেজিস্ট্রেশন কার্ডটি দেখতে চান এবং এটি www.mom.gov.sg/eadirectory -তে MOM EA-এর সাথে যাচাই করে নিন।




যদি আপনি লাইসেন্স বিহীন কোনও কর্মনিয়োগের এজেন্সি ব্যবহার করেন তবে আপনার $5,000 জরিমানা হতে পারে।

# কর্মনিয়োগ এজেন্সির ফি -
# ফি-এর সীমা এবং পরিশোধ



# আপনার প্রতি বছরের চুক্তির বা ওয়ার্ক পাস (WP)-এর জন্য আপনাকে কেবল এক মাসের বেতন দিতে হবে।

আপনি সিঙ্গাপুরে কোনও কর্মনিয়োগ এজেন্সির সাথে যখন যুক্ত হবেন তখন মনে রাখবেন:

- আপনাকে ফি হিসাবে আপনার প্রতি বছরের WP-এর অথবা কর্মনিয়োগের চুক্তির মধ্যে যেটি সংক্ষিপ্ততর তার জন্য 1 মাসের বেশি বেতন দিতে হবে না।
- এমনকি আপনার কর্মনিয়োগের চুক্তি 2 বছরের বেশি কার্যকর হলেও আপনাকে কেবল সর্বাধিক 2 মাসের বেতন দিতে হবে।
- এজেন্সিটি আপনাকে অবশ্যই একটি রসিদ ইস্যু করবে আর সেটিতে আপনাকে সরবরাহিত সমস্ত পরিষেবার জন্য চার্জ লেখা থাকবে। আপনার সহায়তার জন্য আপনাকে অবশ্যই রসিদটিটি MOM-কে দেখাতে হবে।
- যদি আপনার নিয়োগকর্তা আপনার চুক্তিটি 6 মাসের মধ্যে অবসান করে তবে এজেন্সি ফি হিসাবে দেওয়া ফিয়ের কমপক্ষে 50% এজেন্সিটিকে আপনাকে ফেরত দিতে হবে। আপনি চাকরী ছেড়ে দিলে ফেরত পাবেন না।




যদি আপনার এজেন্সি ফি নিয়ে কোনও সমস্যা থেকে থাকে
তবে আপনি বিষয়টির অভিযোগ MOM-কে এই নম্বরে কল করে:

টেলিফোন: **6438 5122**

বা এখানে গিয়ে জানাতে পারেন:

**Ministry of Manpower Services Centre**
1500 Bendemeer Road Singapore 339946

# চাকুরী দেওয়ার বিনিময়ে অর্থপ্রদানে না বলুন



# আপনার কর্মনিযুক্তির জন্য আপনার কাছ থেকে আপনার নিয়োগকর্তার অর্থের দাবি করা বেআইনি।

আপনাকে নিয়োগজনিত ব্যয় অবশ্যই আপনার নিয়োগকর্তাকে বহন করতে হবে – আপনার নিয়োগকর্তার এটির জন্য ব্যয়ের অর্থ আপনার কাছ থেকে দাবি করা বেআইনি:

- একটি চাকুরী নিশ্চিত করা
- ওয়ার্ক পাস পুনর্নবীকরণ
- সুরক্ষা বন্ড
- চিকিৎসা বীমা
- প্রত্যাবাসন খরচ
- আবশ্যিক প্রশিক্ষণ
- চিকিৎসাজনিত ব্যয়
- লেভি প্রদান



যদি আপনার নিয়োগকর্তা আপনাকে অর্থ প্রদান করতে বাধ্য করে বা আপনার বেতন থেকে অর্থ কেটে নেয় তবে আপনি MOM-এর কাছে এই নম্বরে

টেলিফোন: **6438 5122**

করে বা এখানে গিয়ে বিষয়টির অভিযোগ জানাতে পারেন

**Ministry of Manpower Services Centre**
1500 Bendemeer Road Singapore 339946

# বেতন প্রদান



হে, আপনি কি শুধু এইটুকু খাচ্ছেন!
আমি সর্বস্বান্ত হয়ে গিয়েছি! আমি গত দু'মাস ধরে আমার বেতন পাচ্ছি না।
ওহ! আপনার প্রতি মাসে বেতনের তারিখের থেকে 7 দিনের মধ্যে অবশ্যই আপনার বেতন পাওয়া উচিত।
যদি আমার নিয়োগকর্তা এখনও আমাকে আমার বেতন না দেয় তবে কি হবে?
আপনার প্রতি মাসে বেতনের তারিখের থেকে 14 দিনের মধ্যে আপনার ওভারটাইমও পাওয়া উচিত।
সে ক্ষেত্রে আপনাকে অভিযোগ দাখিল করতে MOM এর কাছে যাওয়া উচিত।
যদি আমার নিয়োগকর্তা আমি অভিযোগ করার পরে আমার নিয়োগ বাতিল করেন তবে কী হবে?
আপনার পরিচয় এবং আপনার সরবরাহিত সমস্ত তথ্য গোপনীয় রাখা হবে। MOM সংস্থাটি সম্পর্কে তদন্ত করবে এবং অন্যান্য কর্মীদের সাথেও কথা বলবে।

# আপনার প্রতি মাসে বেতনের তারিখের থেকে 7 দিনের মধ্যে অবশ্যই নিয়মিত আপনার বেতন পাওয়া উচিত।

আপনার ওভারটাইমের বেতন বেতনের তারিখের থেকে অবশ্যই 14 দিনের মধ্যে প্রদান করতে হবে।

আপনার নিয়োগকর্তা নিম্নলিখিত কারণ ব্যতীত বেতন থেকে কাটতে পারবেন না:

- কাজে অনুপস্থিতি।
- আপনার নিয়োগকর্তা দ্বারা সরবরাহিত খাবার জনিত ব্যয়।
- থাকার ব্যবস্থা, আমোদপ্রমোদ এবং পরিষেবাসমূহ।
- আগাম, ঋণ পুনরুদ্ধার বা অতিরিক্ত বেতন প্রদান সামঞ্জস্য করা।



যদি আপনার কোনও জিজ্ঞাসা থেকে থাকে বা সহায়তার প্রয়োজন হয় তবে আমাদের হটলাইনে এখানে কল করুন:

টেলিফোন: **6438 5122**

বা এখানে যান

**Ministry of Manpower Services Centre**
1500 Bendemeer Road Singapore 339946

# কাজের সময়, অতিরিক্ত সময় (ওভারটাইম) এবং ছুটির দিন



# আপনার কাজের সময় প্রতিদিন 8 ঘন্টা বা প্রতি সপ্তাহে 44 ঘন্টার বেশি হওয়া উচিত নয়।

যদি আপনি অতিরিক্ত সময় কাজ করেন তবে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার বেসিক বেতনের 1.5 গুণ ওভারটাইমের বেতন দিতে হবে।

আপনার ওভারটাইমের বেতন গণনা করতে এই পর্যায়গুলি অনুসরণ করুন:

**পর্যায় 1:**

আপনার প্রতি ঘন্টায় বেসিক প্রদানের হার গণনা করুন:

প্রতি ঘন্টায় বেসিক প্রদানের হার =

$$\frac{12 \times \text{মাসিক বেসিক বেতন}}{52 \times 44}$$

**পর্যায় 2:**

ওভারটাইমের বেতন প্রদানের হার গণনা করুন:

ওভারটাইমের বেতন প্রদান = প্রতি ঘন্টায় বেসিক প্রদানের হার x 1.5 x অতিরিক্ত সময় কাজ করা মোট ঘন্টা



আপনার কোনও প্রশ্ন থেকে থাকলে এই হটলাইনে আমাদের কল করুন:

টেলিফোন: **6438 5122**

বা এখানে যান

**Ministry of Manpower Services Centre**
1500 Bendemeer Road Singapore 339946

# কেন আপনার জীবনের ঝুঁকি নেবেন?



# সুরক্ষা বিধিগুলি অনুসরণ করুন এবং কখনই শর্টকাট পন্থা অনুসরণ করবেন না।

যথাযথ পার্সোনাল প্রোটেকটিভ ইক্যুইপমেন্ট (PPE) ব্যবহার করুন এবং দ্রুত কাজ শেষ করতে শর্টকাট পন্থা অনুসরণ করবেন না – সুরক্ষা সবার আগে!



কর্মস্থানে কোনও অনিরাপদ কর্ম অনুশীলন আপনার নজরে আসলে তা এই নম্বরে কল করে MOM-এর কাছে অভিযোগ জানান:

টেলিফোন: **6317 1111**

বা এখানে গিয়ে বিষয়টির অভিযোগ জানাতে পারেন:

**Ministry of Manpower Services Centre**
1500 Bendemeer Road Singapore 339946

# একটি পরিষ্কার এবং নিরাপদভাবে থাকার পরিবেশ



# সিঙ্গাপুরে কাজ করা কালীন আপনার নিয়োগকর্তার আপনার জন্য পরিষ্কার এবং নিরাপদ আবাসস্থলে থাকার ব্যবস্থা করতে হবে।

সকলের জন্য সুরক্ষা নিশ্চিত করতে আপনাকে আবাসস্থলের বিধিগুলি অনুসরণ করে এবং থাকার জায়গাটি ভাল অবস্থায় রেখে আপনার পক্ষের দায়িত্বটি অবশ্যই পূরণ করতে হবে।

অগ্রহণীয় আবাসস্থল হিসাবে বিবেচিত হয় এমন থাকার ব্যবস্থাগুলির মধ্যে অন্তর্ভুক্ত হ'ল:

- বেআইনি ভাবে তৈরি অস্থায়ী জায়গায় থাকা।
- অনুপযুক্ত স্বাস্থ্যব্যবস্থা।




যদি আপনি অগ্রহণীয় আবাসস্থলে থাকেন তবে MOM-এ এই নম্বরে কল করুন:

টেলিফোন: **6438 5122**

বা এখানে যান

**Ministry of Manpower Services Centre**
1500 Bendemeer Road Singapore 339946

# অতিরিক্ত ভিড়


এখানে অত্যন্ত গরম, একটি পানীয় পান করতে কী আমার স্থানে যাবেন?
দারুণ পরিকল্পনা!
এখানে অনেক বেশি লোকজন রয়েছে, দেখে মনে হচ্ছে ভিড়!
হ্যাঁ, আমরা ১২ জন একটা দোকান ঘরে থাকছি...
ওহ ভগবান! আপনার আবাসনের কোয়ার্টারগুলি অবশ্যই অতিরিক্ত ভিড়াক্রান্ত!
দোকান ঘরগুলিতে সর্বাধিক ৪ জন থাকতে পারবে
এখানে অত্যন্ত ভিড়, আমি নিঃশ্বাস নিতে পারি না!
আপনার থাকার স্থানটি অগ্রহণীয়, আমাদের অবশ্যই এটি সম্পর্কে MOM-এর কাছে অভিযোগ করতে হবে।

# আপনার থাকার স্থানটি কোনও মতেই অতিরিক্ত ভিড়যুক্ত হবে না।

আপনাকে উদ্দেশ্যে নির্মিত ডরমিটরিগুলিতে, কারখানার ক্ষেত্রকে রূপান্তরিত করা ডরমিটরিগুলিতে এবং নির্মাণ কেন্দ্রগুলির কোয়ার্টারগুলিতে রাখা হতে পারে। আপনাকে অনুমোদিত আবাসন স্থানগুলিতেও রাখা যেতে পারে।

- কনডোমিনিয়াম, দোকান ঘর, ছাদ, আংশিক পৃথক এবং বাংলো বাড়িগুলির মতো ব্যক্তিগত বাড়িগুলিতে ৪ জন অবধি বাসিন্দা থাকতে পারেন।



আপনাকে যদি অতিরিক্ত ভিড়যুক্ত স্থানে রাখা হয় তবে আপনি এই নম্বরে MOM-এ কল করতে পারেন:

টেলিফোন: **6438 5122**

বা এখানে যান

**Ministry of Manpower Services Centre**
1500 Bendemeer Road Singapore 339946

# কর্মনিয়োগ এবং কর্মস্থালে বিবাদগুলির সমাধান



# সাহায্য পাওয়ার অনেক পথ আছে। আইন ভঙ্গ করবেন না।

যদি আপনি আপনার নিয়োগ কর্তার সাথে নিয়োগ সংক্রান্ত সমস্যাগুলির সমাধান করতে অক্ষম হন তবে আপনার যত শীঘ্র সম্ভব সহায়তা চাওয়া উচিত।

যদি আপনি নিয়োগ সংক্রান্ত সমস্যার সম্মুখীন হন,

1. আপনার নিয়োগ কর্তার সাথে এ বিষয়ে কথা বলুন
2. যদি আপনার নিয়োগ কর্তার সাথে সমস্যাগুলির নিষ্পত্তি না হয় তবে আপনার এখান থেকে অবিলম্বে সহায়তা চাওয়া উচিত:

**মিনিস্ট্রি অফ ম্যানপাওয়ার (MOM)**
টেলিফোন: 6438 5122
1500 Bendemeer Road
Ministry of Manpower Services Centre
Singapore 339946
কাজের সময়: সকাল 8টা – বিকাল 5.30টা (সোমবার-শুক্রবার)

অথবা এখান থেকে পরামর্শ গ্রহণ করুন:

**মাইগ্রেন্ট ওয়ার্কার্স সেন্টার (MWC)**
Tel: 6536 2692
579 Serangoon Road,
Singapore 218193
*Opening hours: 9am – 7pm (Tuesday-Friday)*
*11am – 3pm (Saturday-Sunday)*
*Closed (Monday & Public Holiday)*



# আপনার অধিকারগুলি জানুন ক্যুইজ




## সঠিক উত্তরটিতে টিক (✓) দিন!

1. কোনও নিয়োগের এজেন্ট রেজিস্টার্ড কিনা তা পরীক্ষা করতে আপনি এজেন্টের কাছ থেকে রেজিস্ট্রেশন কার্ডটি চেয়ে নিয়ে পরীক্ষা করতে পারেন।

**সত্য** ☐ **মিথ্যা** ☐

2. বিদেশী কর্মীদের বেতন প্রতি মাসে তাদের বেতনের সময়কালের 7 দিনের মধ্যে অবশ্যই দিতে হবে

**সত্য** ☐ **মিথ্যা** ☐






3. নিয়োগকর্তাদের বিদেশী কর্মীদের জন্য নিরাপদ এবং পরিষ্কার আবাসন সরবরাহ করা প্রয়োজন।

**সত্য** ☐ **মিথ্যা** ☐

4. নিয়োগকর্তারা কোনও ব্যক্তিগত বাড়িতে 20 জন অবধি রাখতে পারেন।

**সত্য** ☐ **মিথ্যা** ☐

5. অতিরিক্ত অর্থ উপার্জনের উদ্দেশ্যে বিদেশী কর্মীদের কোনও দ্বিতীয় কাজে সংশ্লিষ্ট হওয়া বা স্ব-নিযুক্ত হওয়া আইনবিরুদ্ধ।

**সত্য** ☐ **মিথ্যা** ☐

এখানে স্ট্যাম্পটি লাগান

